



ভূমধ্যসাগরীয়, মধ্যপ্রাচ্য,
আফ্রিকান, দক্ষিণ এশীয় (ভারতীয়,
পাকিস্তানি, ইত্যাদি), দক্ষিণপূর্ব
এশিয়া বং চীনা বংশদ্ভূত মানুষদের
মধ্যে বিটা থ্যালাসেমিয়া সবচেয়ে
বেশি হতে দেখা যায়।

বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণ থাকা
লোকেদের মধ্যে অল্প রক্তাল্পতা
ছাড়া কোন স্বাস্থ্য সমস্যা সাধারণত
দেখা যাবে না।

আপনার বিটা থ্যালাসেমিয়ার
প্রলক্ষণ থাকতে পারে, যা আপনি
হয়তো জানেন না।



Cooley's Anemia Foundation
330 Seventh Avenue, Suite 200 New York, NY 10001
(212) 279-8090 ফ্যাক্স (212) 279-5999

www.thalassemia.org

কখনও কী বিটা
থ্যালাসেমিয়ার প্রলক্ষণের
জন্য পরীক্ষা করিয়েছেন?

থ্যালাসেমিয়া হল একটি জিনগঠিত রক্ত সমস্যা। মার্কিন যুক্তরাষ্ট্রে কুড়ি লক্ষের থেকে বেশি মানুষের মধ্যে থ্যালাসেমিয়ার জিনগঠিত প্রলক্ষণ আছে।

আপনি তাদের মধ্যে একজন হতে পারেন।

আপনার বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণ আছে কিনা জানার দুটি গুরুত্বপূর্ণ কারণ হল:

প্রথমত, যখন দুইজনের উভয়েই **বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণ** আছে এবং একটি বাচ্চা আছে তখন, **প্রতিটি** গর্ভাবস্থা থেকে হওয়া বাচ্চার মধ্যরক্ত **জনিত গুরুতর সমস্যা** থাকার সম্ভাবনা এক চতুর্থাংশ (25%), যার জন্য ব্লাড ট্রান্সফিউশন ও ওষুধের দ্বারা চিকিৎসার প্রয়োজন।

দ্বিতীয়ত, কিছু ডাক্তার অন্য অবস্থার জন্য **বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণের** ভুল করে আপনার ভুল চিকিৎসা করতে পারে।

আপনার **বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণ** আছে কিনা তা জানা সহজ।

আপনার **বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণ** আছে কিনা তা জানার প্রথম ধাপ হল আপনার ডাক্তার আপনার লোহিত রক্ত কণিকার আকার দেখতে বলা। এটা আপনার সম্পূর্ণ রক্ত কণিকার গণনার (CBC) মিন কর্পাস্কুলার ভলিউমের (MCV) মাধ্যমে দেখানো হয়। আপনার ডাক্তারের ফাইলে আপনার CBC এর একটি রেকর্ড ইতিমধ্যেই থাকতে পারে।


যদি আপনার MCV রিডিং 80 বা তার কম হয় এবং আপনার লোহার ঘাটতি না থাকে, তাহলে আপনার **বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণ** থাকতে পারে। হিমোগ্লোবিন ইলেক্ট্রোফোরেসিস, কোয়ান্টিটেটিভ হিমোগ্লোবিন A2 এবং কোয়ান্টিটেটিভ হিমোগ্লোবিন F সহ অতিরিক্ত পরীক্ষা আপনার **বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণ** আছে কিনা তার জন্য প্রয়োজন। আপনার ডাক্তার এইসব পরীক্ষার আদেশ দিতে পারেন।

থ্যালাসেমিয়া কীভাবে মানব শরীরের ক্ষতি করে তা বুঝতে, আপনাকে অবশ্যই প্রথমে রক্ত সম্পর্কে বুঝতে হবে।


রক্ত আপনার ফুসফুস থেকে শরীরের অন্যান্য অংশে অক্সিজেন বহন করে। হিমোগ্লোবিন নামক একটি প্রোটিন অক্সিজেন বহন করে যা লোহিত রক্ত কণিকার মধ্যে পাওয়া যায়। হিমোগ্লোবিন দুটি ভিন্ন ধরনের প্রোটিন দিয়ে তৈরী, সেগুলো হল আলফা এবং বিটা গ্লোবিন।

বিটা গ্লোবিন দুটি জিন দ্বারা গঠিত, যার মধ্যে একটি একটি প্রতিটি পিতা/মাতার থেকে বাচ্চার শরীরে যায়। যে সকল ব্যক্তিদের একটি অস্বাভাবিক বিটা গ্লোবিন জিন থাকে তাদের মধ্যে **বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণ** (এছাড়াও মৃদু বিটা থ্যালাসেমিয়া নামেও পরিচিত) থাকে।

যদি...




পিতা ও মাতা উভয়েই বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণের বাহক হন,



স্বাভাবিক হিমোগ্লোবিন

বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণ

25% কলে'জ এনিমিয়া



..তাহলে

প্রতিটি গর্ভাবস্থা থেকে যে বাচ্চা হবে তার মধ্যে অস্বাভাবিক বিটা গ্লোবিন জিন থাকার সম্ভাবনা 25%।

সবথেকে মারাত্মক কিছু যদি হয় তা হল মারাত্মক বিটা থ্যালাসেমিয়া বা কলে'জ এনিমিয়া, একটি মারাত্মক রক্তজনিত সমস্যা যার কারণে প্রাণঘাতী রক্তাভ্রতা হতে পারে এবং এর জন্য নিয়মিত রক্তদান ও সুসংহত চিকিৎসা পরিচর্যা প্রয়োজন।

এছাড়াও দুই অস্বাভাবিক বিটা গ্লোবিন জিনের বংশগতির কারণে বিটা

থ্যালাসেমিয়ার প্রলক্ষণ, হাড়ের বিকৃতি এবং গ্লীহা বৃদ্ধি সহ উল্লেখযোগ্য স্বাস্থ্য সমস্যা সহ একটি মাঝারি ধরনের রক্তাভ্রতা হতে পারে।



থ্যালাসেমিয়া সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন: Cooley's Anemia Foundation এর সঙ্গে (212) 279-8090 নম্বরে ফোন করে অথবা info@thalassemia.org এ ইমেল করে যোগাযোগ করুন এছাড়াও আপনি আমাদের ওয়েবসাইট www.thalassemia.org এ যেতে পারেন।

যদি আপনি ও আপনার স্বামী বা স্ত্রী উভয়েই **বিটা থ্যালাসেমিয়ার প্রলক্ষণের** বাহক হন এবং সম্ভাব্য নেওয়ার পরিকল্পনা থাকে তাহলে আপনাকে জেনেটিক কাউন্সেলরের কাছে থেকে পরামর্শ নিতে হবে।